Please check the examination details below before entering your candidate information

| Candidate surname | Other names |
|---|---|
| | |

Centre Number | | | | | |

Candidate Number | | | | |

# Pearson Edexcel International GCSE (9–1)

**Time** 2 hours 30 minutes

**Paper reference** **4BA0/01**

# Bangla

## PAPER 1: Reading, Writing and Translation

**You do not need any other materials.**

Total Marks

## Instructions

- Use **black** ink or ball-point pen.
- **Fill in the boxes** at the top of this page with your name, centre number and candidate number.
- There are **three** sections you must answer:
  – Section A Questions 1–4
  – Section B Questions 5 and **either** Question 6(a) **or** 6(b) **or** 6(c)
  – Section C Question 7.
- Answer the questions in the spaces provided
  – *there may be more space than you need*.
- You must **not** use a dictionary.

## Information

- The total mark for this paper is 100.
- The marks for **each** question are shown in brackets
  – *use this as a guide as to how much time to spend on each question*.

## Advice

- Read each question carefully before you start to answer it.
- Check your answers if you have time at the end.

*Turn over* ▶


©2023 Pearson Education Ltd.
1/1/1/1/1


Pearson

**SECTION A: READING**

**Answer ALL questions.**

**Write your answers in the spaces provided.**

**Multiple-choice questions must be answered with a cross in a box ☒. If you change your mind about an answer, put a line through the box ☒ and then mark your new answer with a cross ☒. Open-response questions do not have to be written in full sentences and you may respond using single words or phrases.**

**1** '*চ্যানেল আই-এর ব্যান্ড উৎসব*' সম্বন্ধে নিচের লেখাটি পড়ো এবং শব্দ তালিকা থেকে প্রতিটি বাক্সে সঠিক শব্দের অক্ষরটি বসাও।

***চ্যানেল আই-এর ব্যান্ড উৎসব***

সম্প্রতি ডিসেম্বর মাসের প্রথম দিন চ্যানেল আই-এর উদ্যোগে অনুষ্ঠিত হয় তরুণদের জন্য ব্যান্ড উৎসব। এই উপলক্ষে চ্যানেল আই প্রাঙ্গণ শত শত তরুণের উপস্থিতিতে মুখরিত ছিলো সারাদিন। এই আয়োজন দেশ-বিদেশে সরাসরি প্রচার করে চ্যানেল আই। এই কারণে বিশ্বের বাঙালিরা দূরে বসেও একসঙ্গে অনুষ্ঠানটি দেখার সুযোগ পেয়েছিলেন।

এবারের ব্যান্ড উৎসবে অনেকগুলো ব্যান্ড অংশ নেয়। আয়োজিত ব্যান্ড উৎসবে একের পর এক নতুন প্রজন্মের জনপ্রিয় ব্যান্ডগুলো নাচ-গান করে। বিশাল মঞ্চে খ্যাতনামা শিল্পীরা গান পরিবেশনের পাশাপাশি জমিয়ে তুললেন আনন্দ আড্ডা। সকাল দশটা থেকে রাত আটটা পর্যন্ত দর্শক-শ্রোতারাও ওদের সাথে নেচে পুরো প্রাঙ্গণ মাতিয়ে তুললেন। এখানে এসে বহুদিনের পুরনো বন্ধুদেরও খুঁজে পেয়েছেন অনেকে। গতবারের ব্যান্ড উৎসবের তুলনায় এবারের আয়োজন ছিলো আরো জাঁকজমকপূর্ণ ও আকর্ষণীয়।

এই উৎসবে প্রধান অতিথি ছিলেন দেশের সাংস্কৃতিক মন্ত্রী। অনুষ্ঠানটি পরিচালনা করেন জনপ্রিয়

সংগীতশিল্পী মাহীন খান। অনেকদিন পর এধরনের একটা উদ্যোগ ছিলো নিঃসন্দেহে প্রশংসার দাবিদার।

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

| | | | |
|---|---|---|---|
| **A** অভিনেত্রী | **B** একাধিক | **C** একটি | **D** গায়িকা |
| **E** পহেলা | **F** যুবকদের | **G** বিশ্বজুড়ে | **H** জমকালো |
| **I** দেশের | **J** একঘেয়ে | **K** মুখর | **L** মঞ্চ |
| **M** শিশুদের | | | |

| | | |
|---|---|---|
| **উদাহরণঃ** | ... ডিসেম্বর ব্যান্ড উৎসব অনুষ্ঠিত হয়। | E |
| **1** (a) | ব্যান্ড উৎসবটি ... জন্য আয়োজিত হয়। | |
| **1** (b) | টিভির পর্দায় ... বাঙালিরা উৎসবটি দেখেন। | |
| **1** (c) | উৎসবে ... ব্যান্ড অংশ নেয়। | |
| **1** (d) | শিল্পীদের সাথে দর্শকরাও আনন্দে ... হয়ে ওঠেন। | |
| **1** (e) | ব্যান্ড উৎসবটি অনেক ... ছিলো। | |
| **1** (f) | অনুষ্ঠানটি উপস্থাপনা করেন একজন ... । | |

**(Total for Question 1 = 6 marks)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**2** ‘ছাত্র শিক্ষক সম্পর্ক’ -এ সম্বন্ধে নিচে দেওয়া তিনজন তরুণ-তরুণীর লেখাগুলো পড়ো এবং সঠিক বাক্সে ☒ চিহ্ন দিয়ে সঠিক নাম/নামগুলোর সঙ্গে বাক্যগুলো মেলাও। কোনো কোনো ক্ষেত্রে বাক্যের সঙ্গে নামের মিল না-ও থাকতে পারে।

***ছাত্র শিক্ষক সম্পর্ক***

**তাহির**



শিক্ষকদের অবস্থান আমাদের কাছে খুবই গুরুত্বপূর্ণ। বাবা-মায়ের পর আমাদের আশা-পূরণে সাহায্য করেন শিক্ষকবৃন্দ। তাঁদের প্রতি তাই সম্মান দেখানো ও শ্রদ্ধাশীল হওয়া তাই আমাদের কর্তব্য। তবে শিক্ষার্থীর সঙ্গে শিক্ষকের সম্পর্ক বন্ধুর মতো হওয়া প্রয়োজন। এই সম্পর্ক গড়ে তোলার জন্য শিক্ষক ও শিক্ষার্থী উভয়কেই সচেষ্ট হতে হবে। শিক্ষাদানের সময় শিক্ষকদেরও ক্লাসের প্রত্যেক ছাত্রছাত্রীর দিকে সমান দৃষ্টি দেওয়া প্রয়োজন।

**নিপা**



একজন শিক্ষককে শুধু বই না পড়িয়ে বইয়ের বাইরের জ্ঞানও অর্জন করাতে হবে। কারণ শিক্ষার্থীদের জন্য সবচেয়ে বড় অর্জন তাদের জ্ঞান। মাঝেমাঝে শিক্ষার্থীদের সাথে সেরা কিশোর সাফল্য নিয়ে আলোচনা করে তাদের প্রেরণা দিলে তারাও নিজেদের জীবন গড়ায় সফল হবে। শিক্ষকরা সহানুভূতিশীল হয়ে শিক্ষার্থীদেরকে নিজনিজ সৃজনশীলতা প্রকাশের সুযোগ করে দিলে লেখাপড়ার প্রতি তাদের মনোযোগ সুদৃঢ় হবে।

**লিটন**



শিক্ষক, শিক্ষার্থী এবং শিক্ষার মধ্যে রয়েছে নিবিড় সম্পর্ক। শিক্ষকরাই ছাত্রদের মূল্যবোধ গড়ার আদর্শ কারিগর। শিক্ষার মধ্য দিয়ে ছাত্র-ছাত্রীদের মধ্যে নৈতিক মূল্যবোধের বিকাশ ঘটে থাকে। ছাত্র ছাত্রীরা নিজনিজ স্কুল ও কলেজে দিনের অধিকাংশ সময় কাটায়। তাই মূল্যবোধের শিক্ষা দেওয়ার সাথে সাথে লেখাপড়ায় মনোযোগ বাড়ানোর জন্য শিক্ষকরা শিক্ষার্থীদের সৃজনশীল কাজকর্মে উৎসাহ দিতে পারেন।

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

| | | তাহির | নিপা | লিটন |
|---|---|---|---|---|
| ***উদাহরণ:*** | শিক্ষকরা ছাত্রদের শিক্ষাগ্রহণে গুরত্বপূর্ণ ভূমিকা পালন করেন। | ☒ | ☐ | ☐ |
| **A** | ছাত্রছাত্রীরা জ্ঞানলাভ করেই সফল হয়। | ☐ | ☐ | ☐ |
| **B** | আমাদের উচিত শিক্ষকদেরকে সম্মান করা। | ☐ | ☐ | ☐ |
| **C** | ছাত্রদের প্রেরণামূলক উদাহরণ দেওয়া দরকার। | ☐ | ☐ | ☐ |
| **D** | ছাত্রদেরকে সৃজনশীলতায় উৎসাহ দেওয়া দরকার। | ☐ | ☐ | ☐ |
| **E** | শিক্ষকদের কাজ ছাত্রদেরকে সমান ভাবা। | ☐ | ☐ | ☐ |
| **F** | শিক্ষক-ছাত্রের সম্পর্ক বন্ধুত্বপূর্ণ হওয়া দরকার। | ☐ | ☐ | ☐ |
| **G** | শিক্ষাদানেই ছাত্রদের মূল্যবোধ গড়ে ওঠে। | ☐ | ☐ | ☐ |

**(Total for Question 2 = 8 marks)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

3 ‘ব্যতিক্রমধর্মী শিক্ষাঙ্গন’ সম্বন্ধে নিচের নিবন্ধটি পড়ো। বাংলায় নম্বর অথবা শব্দ/শব্দমালা দিয়ে নোটগুলি পূরণ করো।

*ব্যতিক্রমধর্মী শিক্ষাঙ্গন*

বাংলাদেশের কিশোরগঞ্জ বর্তমানে একটি বড়ো শহর। দেশের একজন প্রতিষ্ঠিত শিল্পপতি জহুরুল ইসলাম তাঁর নিজের এবং আশেপাশের এলাকার গরিব লোকজনকে বিনা পয়সায় চিকিৎসাসেবা দেওয়ার সংকল্প করেছিলেন। ১৯৮৯ সালে তাই তিনি এখানে সম্পূর্ণ আবাসিক এবং আধুনিক একটি মেডিকেল কলেজ হাসপাতাল নির্মাণ করেন।

দেশি-বিদেশি ছাত্রছাত্রীতে কলেজটি পরিপূর্ণ। দেশের অন্যান্য মেডিকেল কলেজের চেয়ে এখানকার শিক্ষা পদ্ধতিও ভিন্ন। প্রথম দুই বছর শিক্ষার্থীরা প্রাথমিক চিকিৎসা বিজ্ঞানে পাকাপোক্ত হয়। তৃতীয় বর্ষ থেকেই রোগীদের সংস্পর্শে এসে তারা হাতেকলমে শিক্ষালাভ করে। শিক্ষক-শিক্ষার্থীরা একে অপরের সাহায্য-সহযোগিতায় এখানে আপনজনের মতো থাকে।

শিক্ষার পাশাপাশি সুস্থ জীবনযাপনে শিক্ষাঙ্গনে ছাত্রছাত্রীদের জন্য রয়েছে ফুটবল এবং ক্রিকেট খেলার মাঠ। সেখানে বার্ষিক টুর্নামেন্ট হয়। তাছাড়া শরীরচর্চার জন্য আছে আধুনিক ব্যায়ামাগার।

বিভিন্ন রোগ ও চিকিৎসা পদ্ধতির ওপর শিক্ষার্থীদের লেখা নিবন্ধ নিয়ে প্রকাশিত হয় বার্ষিক চিকিৎসা সাময়িকী ‘কিরণ’। প্রকাশনা উৎসবকে ঘিরে ক্যাম্পাসে দিনভর থাকে নানান বিনোদনমূলক ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। শিক্ষার্থীরা পরিবেশন করে নিজ নিজ দেশের ঐতিহ্যপুর্ণ বর্ণিল নাচ-গান ও হাসি-কৌতুকে ভরা মঞ্চনাটকের প্রদর্শন।

তবে এই ক্যাম্পাসের মন কাড়া সৌন্দর্য হলো একে বেষ্টন করে রয়েছে রঙবেরঙের সুশোভিত ফুল ও দুর্লভ লতাপাতায় ঘেরা বাগান এবং খড়ে ছাওয়া ছোটো-ছোটো কুটিরের পাশ দিয়ে রয়েছে নয়নাভিরাম স্বচ্ছপানির হ্রদ।

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

**উদাহরণঃ** কিশোরগঞ্জঃ **একটি শহর**

(a) শিল্পপতির উদ্দেশ্যে ছিলোঃ ..................................................... **(1)**

(b) জহুরুল ইসলাম প্রতিষ্ঠা করেছিলেনঃ ..................................................... **(1)**

(c) পাঠ্যক্রমে ভিন্নতাঃ ..................................................... আর ..................................................... **(2)**

(d) ছাত্রছাত্রীদের প্রতি শিক্ষকদের আচরণঃ ..................................................... **(1)**

(e) অতিরিক্ত সুযোগসুবিধাঃ ..................................................... আর ..................................................... **(2)**

(f) জার্নালে রয়েছেঃ ..................................................... **(1)**

(g) কিরণের প্রকাশনা উৎসবে ছাত্রছাত্রীরাঃ ..................................................... আর

..................................................... **(2)**

(h) ক্যাম্পাসের বিশেষ আকর্ষণঃ ..................................................... আর ..................................................... **(2)**

**(Total for Question 3 = 12 marks)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**4** (a) নিচে দেওয়া 'পত্রিকা পড়ার স্মৃতি' গল্পের অংশবিশেষ পড়ো ।

***পত্রিকা পড়ার স্মৃতি***

আমার পারিবারিক জীবনের স্মৃতিতে একসঙ্গে বসে পত্র-পত্রিকা পাঠ ওতপ্রতভাবে জড়িয়ে রয়েছে। সপ্তাহের দিনগুলোর শুরুতে ভাইবোনেরা জড়ো হতাম আমাদের বৈঠকখানায়। হাতে চায়ের পেয়ালা নিয়ে আমরা সবাই যে গোলটেবিলের চারপাশে বসতাম সেটার ওপর থাকতো অনেকগুলো পত্র-পত্রিকা। বাবার নির্দেশে একেক করে জোরে খবর পড়া হতো, তারপর বিভিন্ন বিষয়ে নিজনিজ চিন্তাশক্তি কাজে লাগিয়ে পরস্পরের মধ্যে মত বিনিময় করা হতো। এমনকি মাঝেমধ্যে আমাদের মধ্যে সাংঘাতিক তর্ক-বিতর্কও চলতো।

চায়ের আড্ডার পর সময়ের অপচয় না করে রীতিমতো প্রস্তুত হয়ে বাবা কাজে যেতেন। মা-ও আমাদের স্কুলের ব্যাগ গোছানো ও পোশাক পরে তৈরি হতে তাগাদা দিতেন। সময়ের সাথে নিয়ম মেনে জীবন চলার জ্ঞান আমরা বাবামায়ের কাছ থেকেই পেয়েছি।

সপ্তাহান্তে অবশ্য এর ব্যতিক্রম হতো। সেদিন সবাই ঘুম থেকে বেশ দেরি করে উঠলেও নাশতার পরের সময়টুকু ছিলো একান্তই আমাদের নিজস্ব। ভাইবোনেরা যে যার পছন্দমতো বিভিন্ন কাজে ব্যস্ত থাকতো। আমি বই আর সিনেমায় মগ্ন ছিলাম বলে সাহিত্য ও সিনেমা পত্রিকা থেকে ধারাবাহিক গল্প-উপন্যাস পড়া ও সদ্য মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্রগুলোর খোঁজে ব্যস্ত থাকতাম। তাছাড়া শব্দ-ধাঁধার জবাব দিতেও বসতাম যদিও শব্দ খুঁজে পেতে আমাকে হিমশিম খেতে হতো।

সংবাদপত্র ছাড়াও বাসায় কিছু সাপ্তাহিক ও মাসিক ম্যাগাজিন পত্রিকা রাখা হতো। আমার মা দুপুরে খাওয়াদাওয়ার পর বিশ্রামের সময় আগ্রহের সাথে এসব ম্যাগাজিনে প্রকাশিত রকমারি রান্নার নতুন নতুন রেসিপি পড়তেন এবং পরিবারের জন্য স্বাস্থ্যকর ও মুখরোচক খাবার রান্না করতেন।

গল্পটিতে যে-সব তথ্য রয়েছে তা ব্যবহার করে **বাংলায়** প্রশ্নগুলোর উত্তর দাও। তোমার উত্তর সম্পূর্ণ বাক্যে লেখার প্রয়োজন নেই।

(i) লেখিকা তাঁর ছোটবেলার কোন স্মৃতির কথা উল্লেখ করেছেন? **(1)**

.......................................................................................................................................

(ii) লেখিকার বাবা ছেলেমেয়েদের কী নির্দেশ দিয়েছিলেন? **(2)**

.......................................................................................................................................

.......................................................................................................................................

(iii) লেখিকার বাবা-মা **কীভাবে** তাঁকে সুঅভ্যাস করিয়েছেন? **দুটি** বিষয় লেখো। **(2)**

.......................................................................................................................................

.......................................................................................................................................

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

(iv) লেখিকার স্মৃতিকথায় ছুটির দিনগুলো কেন ভিন্ন ছিলো?

**(1)**

.......................................................................................................................................

(v) ছুটির দিনে কোন কোন দিকে লেখিকার বিশেষ আগ্রহ ছিলো?

**(2)**

.......................................................................................................................................

.......................................................................................................................................

(vi) লেখিকার মা **কেন ম্যাগাজিন পড়তেন? দুটি** কারণ লেখো।

**(2)**

.......................................................................................................................................

.......................................................................................................................................

DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA

(b) ‘পত্রিকা পড়ার স্মৃতি’ বিষয়ে নিচের আলোচনাটি পড়ে বাংলায় প্রশ্নগুলোর উত্তর দাও।

দুই বন্ধু ‘পত্রিকা পড়ার স্মৃতি’ লেখাটি আলোচনা করছে।

**শাওন:** ‘‘লেখিকার ‘পত্রিকা পড়ার স্মৃতি’ লেখায় তাঁর পারিবারিক স্মৃতিকথা প্রকাশিত হয়েছে। শুরুতেই লেখিকা ব্যক্ত করেছেন তাঁর শৈশবে কীভাবে পরিবারের সবার সাথে বিভিন্ন পত্র-পত্রিকা পড়তেন। এই স্মৃতি লেখিকার জীবনে এতো সুখকর ছিলো যে পত্র-পত্রিকা পড়া তাঁর কাছে রীতিমতো স্মৃতিময় হয়ে উঠেছিলো। সবচেয়ে বড়ো কথা হলো যে লেখিকার এই স্মৃতিকথা যেন আমার এবং আমার মতো অনেকেরই শৈশব জীবনের প্রতিচ্ছায়া। সবাই মিলে খবরের কাগজ পড়া ও আলোচনা করার ফলে বাবা-মা ও ভাইবোনের সাথে আমাদের সুন্দর একটা সম্পর্ক গড়ে ওঠে। শুধু তাই নয়, সবাই মিলে এভাবে সময় কাটালে পরিবারের সবাইকে একসূত্রে বেঁধে রাখাও সম্ভব। এর ফলে, জীবন চলার পথে পরিবারের কেউ কোনো বাধার সম্মুখীন হলে সবাই তা মোকাবেলা করতে বন্ধুর মতো সাহায্যের হাত বাড়িয়ে দেয়। তাছাড়া ছেলেবেলা থেকে পত্র-পত্রিকা পড়ার সুঅভ্যাস গড়ে উঠলে পারিবারিক জীবনের বাইরে দেশের এমনকি পৃথিবীর কোথায় কী ঘটছে সে সম্বন্ধেও আমাদের জ্ঞানলাভ হয়।’’

**লিলি:** ‘‘তোমার কথার বিরোধিতা না করে বিষয়টি আমি একটু অন্যভাবে মূল্যায়ন করছি। পারিবারিক সম্পর্ক বজায় রাখার জন্য বাড়িতে সবাই মিলে আড্ডা দেওয়ার কোনো আবশ্যকতা আমি দেখি না। বরং বাবা-মা সন্তানদের সঠিক নিয়ম-শৃঙ্খলার সাথে প্রতিপালন করলে পরিবারের যে যেখানেই থাকুক সামাজিক মাধ্যমে একসাথে যোগাযোগ ও গল্প করে সময় কাটাতে পারে। তাছাড়া জ্ঞানের পরিধি বাড়ানোর জন্য অনলাইনে নিজেদের সময়মতো দেশ-বিদেশের বিভিন্ন পত্র-পত্রিকা পাঠ করা যায়। দৈনিক সংবাদপত্রের পাতায় চোখ রাখার চেয়ে ইন্টারনেটে প্রয়োজনীয় বিভিন্ন তথ্য খুঁজে পাওয়া যায়। এতে পুঁথিগত জ্ঞানের সাথে সাধারণ জ্ঞানেও পারদর্শী হয়ে ওঠা সম্ভব। তাছাড়া গল্প-উপন্যাস পড়ার জন্য ই- বুকের সুযোগসুবিধা রয়েছে। তাই প্রযুক্তির সাথে আমাদের তাল মিলিয়ে চলতে হবে।’’

(i) নিচের বিষয়গুলোর ওপর প্রথম বন্ধুর মন্তব্য সংক্ষেপে লেখো:

- একত্রে পত্রিকা পড়ার প্রধান সুবিধা **(1)**
- সমস্যাদি থেকে বের হওয়ার উপায় **(1)**

........................................................................................................................................

........................................................................................................................................

(ii) নিচের বিষয়গুলোর ওপর দ্বিতীয় বন্ধুর মন্তব্য সংক্ষেপে লেখো:

- পারিবারিক রুটিনের প্রতি দৃষ্টিভঙ্গির পরিবর্তন **(1)**
- পাঠের ওপর নতুন প্রযুক্তির প্রভাব **(1)**

........................................................................................................................................

........................................................................................................................................

**(Total for Question 4 = 14 marks)**

**TOTAL FOR SECTION A = 40 MARKS**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

## SECTION B: WRITING

Answer Questions 5 and **either** Question 6(a) **or** 6(b) **or** 6(c).

**Write your answers in the spaces provide**

**5**

*স্কুলের গত বার্ষিক খেলাধুলা*

খেলাধুলায় তোমার অংশগ্রহণ

খেলাধুলা দিবসের উপকারিতা

স্মরণীয় স্মৃতি

ভবিষ্যত প্রস্তুতি

***স্কুলের গত বার্ষিক খেলাধুলা*** সম্পর্কে বাংলায় প্রায় 80 শব্দের মধ্যে একটি অনুচ্ছেদ লেখো। তোমার লেখায় ওপরে দেওয়া চারটি বিষয় অবশ্যই উল্লেখ করবে।

.....................................................................................................................................

.....................................................................................................................................

.....................................................................................................................................

.....................................................................................................................................

.....................................................................................................................................

.....................................................................................................................................

.....................................................................................................................................

.....................................................................................................................................

.....................................................................................................................................

.....................................................................................................................................

.....................................................................................................................................

.....................................................................................................................................

.....................................................................................................................................

.....................................................................................................................................

.....................................................................................................................................

**(Total for Question 5 = 14 marks)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**6** নিচের তিনটি কাজ থেকে যেকোনো একটি কাজ বেছে নিয়ে তার ওপর **বাংলায়** প্রায় ১৪০ শব্দের মধ্যে লেখো।

(a) **কাজ ১**

'বাড়িতে খাদ্য ফলানো' এই বিষয়ে বাংলা পত্রিকার জন্য একটি নিবন্ধ লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- খাদ্য ফলনের জনপ্রিয়তা
- তোমার সাম্প্রতিক উদ্যোগ
- অন্যদের প্রতি তোমার পরামর্শ

**(26)**

(b) **কাজ ২**

> হ্যালো শুভ,
>
> আগামী মাসে আমাদের শহরে একটি বই মেলার আয়োজন করা হবে। আমি ও আমার কয়েকজন বন্ধু মিলে স্বেচ্ছাসেবী হিসেবে সেখানে আগতদের পথ দেখাবো। দেশের খ্যাতনামা লেখকদের ভাষণ ও নতুন বই প্রকাশনার স্টল থাকবে। আমি চাই তুমিও আমাদের সাথে এই কাজে যোগ দাও।
>
> জাহিদ

জাহিদ যে বার্তাটি পাঠিয়েছে এর জবাবে তুমি তাকে একটি ই-মেইল লেখো।

এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- তোমার সাম্প্রতিক স্বেচ্ছাসেবার অভিজ্ঞতা
- বইমেলা সম্পর্কে তোমার মতামত
- ভবিষ্যতে যে ধরনের স্বেচ্ছাসেবা তুমি করতে চাও

**(26)**

(c) **কাজ ৩**

'ডিজিটাল মিডিয়া'- এই সম্বন্ধে তুমি একটি ব্লগ লেখো।

এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- ডিজিটাল মিডিয়া ব্যবহারের সুবিধা-অসুবিধা
- তোমার সাম্প্রতিক কোনো এক ঘটনায় ডিজিটাল মিডিয়ার ভূমিকা
- ডিজিটাল মিডিয়ার অতিরিক্ত ব্যবহার কমাতে তোমার উপদেশ

**(26)**

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

**Indicate which question you are answering by marking a cross ☒. If you change your mind, put a line through the box ☒ and then indicate your new question with a cross ☒.**

**Question 6(a)** ☐ **Question 6(b)** ☐ **Question 6(c)** ☐

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**(Total for Question 6 = 26 marks)**

**TOTAL FOR SECTION B = 40 MARKS**



Turn over

## SECTION C: TRANSLATION INTO BANGLA

**Write your answer in the space provided.**

**7** নিচের লেখাটি বাংলায় অনুবাদ করো।

The expansion of the ready-made garments industry has brought remarkable changes to Bengali society. Thousands of people have been employed in this industry. It contributes tremendously to the national economy and has changed the lives of many women in Bangladesh.

The financial stability of these women raises their status in society. In these recent years, the industry has started promoting new designers, which were mostly female. Some are holding senior positions in different sectors and are making a significant contribution to promote the business.

**(20)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**(Total for Question 7 = 20 marks)**

**TOTAL FOR SECTION C = 20 MARKS**
**TOTAL FOR PAPER = 100 MARKS**



DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

BLANK PAGE

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA

**BLANK PAGE**

**BLANK PAGE**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA